গাংনীতে শিশুকে সাপের ছোবল, নীবিড় পর্যবেক্ষনে চলছে চিকিৎসা

পুকুরে গোসল করতে গিয়ে মুজাহিদ হোসেন (১২) নামের এক শিশুকে সাঁপে কেটেছে। মুজাহিদ হোসেন গাংনী উপজেলার ধানখোলা গোরস্থানপাড়া এলাকার তুহিনের ছেলে। সে ধানখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর ছাত্র।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডাক্তার সুপ্রভা রানী এই তথ্য নিশ্চিত করেছেন।

তবে এটি রাসেল ভাইপার বা বিষাক্ত কোনো সাপ নয় বলে জানিয়েছেন এই চিকিৎসক। মুজাহিদকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রেখে নিবীড় পর্যবেক্ষণে চিকিৎসা চলছে।

মুজাহিদ হোসেন জানান, আজ শনিবার (২২ জুন) বিকেল ৪ টার দিকে স্থানীয় একটি পুকুরে গোসল করে ডাঙ্গায় উঠার সময় একটি সাপ ছুটে এসে বাম হাতের কব্জীতে কামড় দেয়। সাথে সাথে সাপটিকে ঝাড়া দিয়ে কামড় দিয়ে পালিয়ে যায়। বিষয়টি সাথে সাথে জানালে তার বাবা তুহিন হোসেন দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিববার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার সুপ্রভা রানী বলেন, ৩ সদস্যের মেডিকেল টিম গঠণ করে সাপে কাটা শিশুটিকে নিবীড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে। প্রাথমিকভাবে তার রক্ত পরীক্থাসহ অন্যান্য মেডিকেল টেষ্ট করানো হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সে ভর্তি রয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার চিকিৎসক মাসুদুর রহমান বলেন, মানুষকে বিষাক্ত সাপে কাটলে তার তিনটি সিনটম দেখা যাবে। এক নম্বর হলো সাপে কাটলে বিষ প্রথমে তার মাথার নার্ভের মধ্যে বিষক্রিয়া হতে পারে। ফলে রোগীর ঘাড়ি ভেঙ্গো যেতে পারে। দ্বিতীয়ত হলো খুব অল্প সময়ের মধ্যে সাপে কাটা রোগীর রক্ত জমাট বেঁধে যেতে পারে ও তিন নম্বর হলো রোগীর দংশিত স্থান থেকে পচন শুরু হতে পারে। তাই সাপে কাটা রোগীকে ঝাঁড়-ফুক বা ওঝা না দেখিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বা জেলা সদরের হাসপাতালে

নিতে হবে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার আদিলা আজহার আরশি বলেন, এই সময়ে সাধারণত সাপের উপদ্রুপ বাড়ে। তাই সবাইকে সচেতন হতে হবে। বিশেষ করে বাড়ির আশে পাশে ঝোপ-ঝাঁড় পরিস্কার করার পাশাপাশি ঘরের মধ্যে খেয়াল রাখতে হবে। এছাড়া বাড়ির আশে পাশে ব্লিচিং পাওডার, কার্বোলিক এ্যাসিড বা সাপ তাড়ানো অন্যান্য উপকরণ ছিটিয়ে দিতে হবে। যারা কৃষি কাজের সাথে জড়িত তারা কৃষি ক্ষেতে যাওয়ার সময় হাতে লাঠি নিতে হবে। তবে, মনে রাখতে হবে সব সাপ কিন্তু বিষধর নয়। কিছু সাপ আছে আমাদের প্রকৃতির ভারসাম্য বজায় রাখে এবং ফসলের ক্ষতিকর কীটপতঙ্গ খেয়ে থাকে। তাই সাপ মারা থেকেও বিরত থাকতে হবে। এছাড়া সাপ থেকে আতংকিত না হয়ে সামাজিকভাবে সচেতন হতে হবে।

গাংনীতে সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

বিস্ফোরক আইনে দায়ের করা মামলায় আদালত কর্তৃক ৭ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মো: নুহু (৩৫) কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) ক্রাইম প্রিভেনশন কোম্পানী সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প।

গ্রেফতারকৃত মোঃ নুহু মেহেরপুরের গাংনী উপজেলার চাঁদপুর গ্রামের মোঃ আক্কাস আলীর ছেলে।

আজ শনিবার (২২ জুন) দুপুরের দিকে গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার মোকারিমপুর ইউনিয়নের গোপীনাথপুর গ্রামের (সেন্টারপাড়া) এলাকার মোঃ সাহাবুল ইসলামের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে বিস্ফোরক আইনে দায়ের করা মামলা নং এসটিসি-৩৯/১৩। ১৯০৮ সালের বিস্ফোরক উপাদানাবলীর আইনের ৪ ধারা মোতাবেক তাকে ৭ বছরের সাজা দিয়ে গ্রেফতারী পরোয়ানা জারি করেন বিজ্ঞ বিচারক।

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, আদালত কর্তৃক গ্রেফতারী পরোয়ানার আদেশ পেয়ে নুহুকে গ্রেফতারের প্রচেষ্টা চালায় র্যাব সদস্য। পরে গোপন সংবাদে খবর পেয়ে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গ্রেফতারকৃত আসামি নুহুকে গাংনী থানা পুলিশে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরের গহরপুরে ইউনিয়ন যুব মহিলা লীগের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল পাঁচটায় গহরপুর গ্রামে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের বার্তা পৌঁছে দিতে পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি হেলেনা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, বাংলাদেশ যুব মহিলা কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মেহেরপুর সদর উপজেলার আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, মেহেরপুর সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আনারুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম মাস্টার। অনুষ্ঠান সঞ্চালনা করেন পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক সবিতা খাতুন। অনুষ্ঠানে বক্তারা সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের বিভিন্ন দিক তুলে ধরেন।

জনপ্রশাসন মন্ত্রী তার বক্তব্যের শুরুতে বলেন, আপনারা দীর্ঘ সময় ধরে এখানে অপেক্ষা করছেন এজন্য আপনাদের ধন্যবাদ জানায়। আপনারা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে পিরোজপুর ইউনিয়ন থেকে আমাকে বিপুল ভোটে জয়যুক্ত করেছেন এতে পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগ অনেক পরিশ্রম করেছে এজন্য আপনাদের ধন্যবাদ ও কৃতজ্ঞা জানায়। এই নির্বাচনে মেহেরপুরবাসি শান্তি এবং উন্নয়নের জন্য আমাকে ভোট দিয়েছেন।

গাংনীতে গোয়াল ঘরে আগুন, পুড়ে ছাই হলো গরু ও ছাগল

মেহেরপুরের গাংনী উপজেলার সীমান্তবর্তি সহড়াতলা গ্রামে কৃষকের গোয়াল ঘরে আগুন লেগে তিনটি ছাগল ও একটি গরু পুড়ে মারা গেছে। পরিবার ও প্রতিবেশীরা আগুন নিয়ন্ত্রণে নেয়ার আগেই সব পুড়ে ছাই হয়ে যায়।

আজ শুক্রবার (২১ জুন) ভোর ৪টার দিকে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের সহড়াতলা মাদ্রাসাপাড়ার দিন মজুর কৃষক আব্দুল মজিদ কারিগরের গোয়াল ঘরে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। আব্দুল মজিদ কারিগর একই এলাকার কৃষক আব্দুল গফুর কারিগরের ছেলে।

কৃষক আব্দুল মজিদ জানান, ভোর রাতে হঠাৎ করে ছাগল ও গরুর ডাক শুনে ঘুম ভেঙে যায়। গোয়াল ঘরে গিয়ে দেখি আগুন জ্বলছে। অনেক চেষ্টা করে আগুন নিয়্ন্ত্রণে এনেছি। কিন্তু গোয়ালে থাকা তিনটি ছাগল ও একটি গরু বাচাতে পারিনি। সব পুড়ে ছাই হয়ে গেছে। আগুনে আমার প্রায় ২ লাখ টাকার ক্ষতি হয়েছে। গরু ছাগলকে মশার হাত থেকে রক্ষা করতে গোয়াল ঘরে কয়েল জ্বালানো ছিলো। কয়েল থেকে আগুন

ধরেছে বলে সন্দেহ করা হচ্ছে।

স্থানীয় তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস দুর্ঘটনাস্থল পরিদর্শন করে সহযোগিতার আশ্বাস দিয়েছেন। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে বলেও জানান তিনি।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১০ গ্রাম হেরোইনসহ ইজিবাইক চালক মিয়ারুল ইসলাম (৫৮) নামের এক হেরোইন বিক্রেতাকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। এসময় মিয়ারুল ইসলামের ব্যাটারী চালিত ইজিবাইকটি জব্দ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২০ জুন) দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে মেহেরপুর সদর উপজেলার নুরপুর মোড়ে চেকপোষ্ট বসিয়ে তাকে হেরোইনসহ আটক করা হয়।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলমের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়।

আটক মিয়ারুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার ভারতীয় সীমান্তবর্তি হরিরামপুর গ্রামের মৃতু সামসুদ্দিন মন্ডলের ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ভারতীয় সীমান্তবর্তি গ্রাম হরিরামপুর থেকে হেরোইনের একটি চালান পিরোজপুরের দিকে যাচ্ছে এমন সংবাদের ভিত্তিতে নুরপুর মোড়ে তল্লাশী চৌকি বসানো হয়। ব্যাটারীচালিত একটি ইজিবাইক দেখে সেটি তল্লাশী করা হয়। এক পর্যায়ে ইজিবাইক চালক মিয়ারুল ইসলামের দেহ তল্লাশী চালিয়ে তার পরনের লুঙ্গির সাথে বিশেষ কায়দায় রাখা হেরোইন পাওয়া যায়। পরে মিয়ারুল ইসলামকে আটক করা হয়। এছাড়া হেরোইন পাচার কাজে ব্যবহৃত ব্যাটারী চালিত ইজিবাইকটি জব্দ করা

হয়েছে। জব্দকৃত হেরোইনের আনুমানিক মুল্য ১০ লক্ষ টাকা বলে জানান ডিবি কর্মকর্তা সাইফুল আলম।

হেরোইন উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দেওয়া হয়েছে।

মেহেরপুরে মসজিদের পাঠাগারে বইসহ আলমারি বিতরণ

মেহেরপুরে “মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প” এর মসজিদ পাঠাগারের সভাপতি/সম্পাদকদের নিয়ে মতবিনিময় ও নতুন পাঠাগারের পুস্তকসহ আলমারি বিতরণ করা হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ মতবিনিময় ও নতুন পাঠাগারের পুস্তকসহ আলমারির চাবি বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও এসময় ইসলামিক ফাউন্ডেশনের উপ পরিচালক সিরাজুম মনির, ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান, ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ, ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলার ১৮ টি পাঠাগারে বইসহ আলমারি বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে ওলামা মাশায়েখ সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুরে “সন্ত্রাস ও উগ্রবাদ নিরসন, নারী নির্যাতন,বাল্যবিবাহ ও মাদকাসক্তি নির্মূল এবং দুর্নীতি প্রতিরোধে করণীয়” শীর্ষক ওলামা মাশায়েখ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও এসময় ইসলামিক ফাউন্ডেশনের উপ পরিচালক সিরাজুম মনির, ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান,ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে চেক বিতরণ

সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পের সুবিধাভোগী সদস্যদের চেক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে আমদাহ ইউনিয়নের ১ শত জনকে ১ লক্ষ ৫ হাজার টাকার

চেক বিতরণ করা হয়।

খুলনা বিভাগীয় সমবায় কার্যালয়ের প্রকল্প পরিচালক ও যুগ্ম নিবন্ধক মো: মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জান তুষারের সঞ্চালনায় এসময় সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আনারুল ইসলাম, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, উপজেলা সমবায় অফিসার মনিরুজজামান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্লাবের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্লাবের আয়োজনে পবিত্র ঈদুল-আযহা উপলক্ষে ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

গতকাল বুধবার (১৯ জুন) রাত সাড়ে ৯ টার দিকে শহরের ছহিউদ্দীন ডিগ্রি কলেজ মাঠ প্রাঙ্গনে এ পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জাগো বাঙ্গালী ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ রাকিব ও অন্যান্য সদস্যবৃন্দের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন জাগো বাঙ্গালী ক্লাবের সভাপতি তূর্য বিশ্বাস।

এছাড়াও এসময় জাগো বাঙ্গালী ক্লাবের সহ সভাপতি আব্দুস সালাম (কুমার), যুগ্ম সম্পাদক মোঃ আশরাফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ সুরুজ্জামান, দপ্তর সম্পাদক আহসান হাবীব মিলন, ক্রিয়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আহসান হাবীব আশিক সহ ক্লাবের অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন জেলা থেকে আগত শিল্পীবৃন্দ সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে দর্শকদের মন জয় করে।

গাংনীতে ৬৩০ বোতল ফেনসিডিল, ৪ গ্রাম হেরোইন ও গাঁজা জব্দ

মেহেরপুরে মাদক বিরোধী পৃথক চারটি অভিযানে ৬৩০ বোতল ভারতীয় ফেনসিডিল, চার গ্রাম হেরোইন ও দেড়’ শ গ্রাম গাঁজাসহ চার মাদক কারবারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর গ্রামের (মধ্যপাড়া) এলাকার এলাহী বকসের ছেলে সাহাজুল ইসলাম (৩৮), ভাটপাড়া (ডিসি ইকোপার্ক) পাড়া এলাকার কাবুল হোসেনের ছেলে মো: কাজল হোসেন ((১৯), সীমান্তবর্তি খাঁসমহল গ্রামের মৃত আব্দুল আজিজ ওরফে জিপতের ছেলে মো: পল্টু হোসেন (৪০) ও সহড়াতলা গ্রামের মৃত আকছেদ আলীর ছেলে মশিউর রহমান ওরফে মুছা ((৪৫)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলামের নেতৃতে গতকাল বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার (২০ জুন) ভোররাত পর্যন্ত গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বিভিন্ন স্থানে পৃথক চারটি অভিযান চালিয়ে এই চারজন মাদক কারবারিকে আটক করা হয় এবং ফেনসিডিল, গাঁজা ও হেরোইন উদ্ধার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে মাদক উদ্ধারের ঘটনায় আজ বৃহস্পতিবার (২০ জুন) বেলা ১ টার সময় গাংনী থানা ক্যাম্পাসে আনুষ্ঠানিকভাবে প্রেসব্রিফ করেন মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) মোঃ আহসান খান।

প্রেসব্রিফিং এ অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান জানান,

ভারতীয় সীমন্তে একটি ফেনসিডিলের বিরাট চালান তারকাটার বেড়া পার করে বাংলাদেশ অভ্যন্তরে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: তাজুল ইসলামের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) সঞ্জিব কুমার সঙ্গীয় ফোসসহ সীমান্তবর্তি কাজিপুর গ্রামের মধ্যপাড়া এলাকার সাহাজুল বাড়িতে অভিযান চালায়। এসময় তার বাড়ি থেকে ৫৬০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়। এসময় আটক করা হয় সাহাজুল ইসলামকে।

অপরদিকে একই সময় এসআই সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে সীমান্তবর্তি সহড়াতলা গ্রামে অভিযান চালান। অভিযানে ৭০ বোতল ফেনসিডিলসহ মশিউর রহমান ওরফে মুসাকে আটক করা হয়। পরে অপর একটি অভিযান চালানো হয় ভাটপাড়া ডিসি ইকোপার্কের সামনের রাস্তাতে। অভিযানে ১৫০ গ্রাম গাঁজাসহ কাজল আলীকে আটক করেন।

এছাড়া আজ বৃহস্পতিবার (২০ জুন) ভোররাতের দিকে গাংনী থানার ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ খাঁসমহল গ্রামে অভিযান চালিয়ে ৪ গ্রাম হেরোইনসহ মো: পল্টুকে আটক করেন।

এসব মাদক উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় পৃথক চারটি মামলা দায়ের করা হয়েছে। আটকৃত আসামীদের বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

প্রেসব্রিফিং এ অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান বলেন মাদকদ্রব্য এবং মাদক কারবারি দেশ ও সমাজের শত্রু। এদের নির্মল করার জন্য পুলিশ সব সময় কাজ করছে। এটিকে নির্মূল করা পুলিশের একার পক্ষে সম্ভব নয়। তাই সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে। এক্ষেত্রে সাংবাদিক জনপ্রতিনিধিসহ সমাজের অন্যান্য পেশার মানুষকেও এগিয়ে আসতে হবে।